বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড

(শিল্প মন্ত্রণালয়ের অধীন বিএসইসি'র একটি সরকারি শিল্প প্রতিষ্ঠান)
২৬৫ টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর (bbfl.bd@gmail.com)
মোবাইল- ০১৭৩১-১৭১৫৮৫, ০১৩৪৪-৫১৮৯২৪

ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড কর্তৃক উৎপাদিত 'সোর্ড' (SWORD) ব্লেড (ডাবল এজ রেজর ব্লেড এবং ডিসপোজেবল/ ওয়ান টাইম সেভিং রেজর) বিক্রয়ের নিমিত্ত সারাদেশে ডিলার নিয়োগ করা হবে। বিস্তারিত তথ্যের জন্য www.bbfl.gov.bd ভিজিট করুন। আগ্রহী উপযুক্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে ২৭-০৭-২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

যোগাযোগ- বাণিজ্যিক বিভাগীয় প্রধান: ০১৯১৮-৯৪৮০০৪

বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড

২৬৫ টঙ্গী শিল্প এলাকা, গাজীপুর
মোবাইল- ০১৭৩১-১৭১৫৮৫, ০১৩৪৪-৫১৮৯২৪
(bbfl.bd@gmail.com)

ডিলারশীপ গ্রহণের জন্য আবেদনের যোগ্যতা ও প্রয়োজনীয় ডকুমেন্টস

১। ডিলার নিয়োগের জন্য আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী কমপক্ষে ১৮ বছর বয়সী বাংলাদেশের বৈধ নাগরিক হতে হবে; তবে, নিম্নবর্ণিত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণি ডিলারশীপের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন নাঃ
ক) সরকারি কর্মচারি/ চাকুরিজীবী ও নির্বাচিত জনপ্রতিনিধি;
খ) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত কোন ব্যক্তি।

২। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (নমুনা ফরম সংযুক্ত)। আবেদন ফরম বিবিএফএল ও বিএসইসি'র ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

৩। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
ক) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চুক্তিকালে মূলকপি প্রদর্শন করতে হবে)।
খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর কপি (চুক্তিকালে মূলকপি প্রদর্শন করতে হবে)।
গ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (দেশের যে কোন শিডিউল ব্যাংক থেকে প্রদেয়) -এর মূল কপি।
ঘ) সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
ঙ) কর্মরত জনবলের তালিকা (NID/ জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ)।
চ) পণ্য সরবরাহের জন্য ব্যবহৃতব্য যানবাহন (যদি থাকে) - এর বিবরণ (যান্ত্রিক যানের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরসহ)।
ছ) আয়কর (টিআইএন) ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট-এর ফটোকপি (চুক্তিকালে মূলকপি প্রদর্শন করতে হবে)।
জ) হালনাগাদ আয়কর ও ভ্যাট পরিশোধের প্রমাণকের ফটোকপি (চুক্তিকালে মূলকপি প্রদর্শন করতে হবে)।
ঝ) বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড (বিবিএফএল)-এর অনুকুলে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত মাত্র) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (আবেদন ফিসহ, আবেদন কোনক্রমেই ডিলারশীপ প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না) আবেদনের সাথে জমা দিতে হবে।

৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শেষ তারিখের পূর্বেই আবেদনটি ব্যবস্থাপনা পরিচালক, বিবিএফএল বরাবর সরাসরি/ ডাকযোগে দাখিল করতে হবে।

বাণিজ্যিক বিভাগীয় প্রধান
(০১৯১৮-৯৪৮০০৪)